

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

[www.bangladesh-bank.org](http://www.bangladesh-bank.org)

ডিএফআইএম সার্কুলার নং-০৯

২২ আগস্ট, ২০১০

তারিখ : -----

০৭ তাহি, ১৪১৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

শ্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শেয়ারে বিনিয়োগ।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৬ ধারা অনুসারে আর্থিক, বাণিজ্যিক, ক্ষেত্র বা শিল্প বিষয়ক প্রতিষ্ঠানের বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের যে কোন ধরনের শেয়ার অর্জন বা ধারণের লক্ষ্যে কোন আর্থিক প্রতিষ্ঠান উহার পরিশোধিত মূলধন ও রিজার্ভের ২৫ শতাংশের (বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে অনধিক ৫০ শতাংশ) অতিরিক্ত অর্থ ব্যয় বা ব্যবহার করতে পারে না।

সম্প্রতি লক্ষ্য করা গিয়েছে যে, কোন কোন আর্থিক প্রতিষ্ঠান উল্লিখিত সীমার অতিরিক্ত অর্থ শেয়ারে বিনিয়োগ করছে। এতে আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগ ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে এবং কলমানি মার্কেটের মতো স্বল্পমেয়াদী খণ্ডের উৎসের উপরও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নির্ভরশীলতা বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষিতে বিনিয়োগ ঝুঁকি হ্রাস এর লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো :

- ১) আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৬ ধারার নির্দেশনা পরিপালনকল্পে কোন আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক শেয়ারে মোট বিনিয়োগের পরিমাণ উহার পরিশোধিত মূলধন ও রিজার্ভের ২৫ শতাংশের (বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে অনধিক ৫০ শতাংশ) বেশী হবে না;
- ২) কোন আর্থিক প্রতিষ্ঠান উপরোক্ত সীমার অতিরিক্ত শেয়ার অর্জন বা ধারণ করে থাকলে তা ডিসেম্বর ২০১০ এর মধ্যে অনুমোদিত সীমার মধ্যে নামিয়ে আনতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৫৬